অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/8/2024 **গভর্নর ক্যাথি হোকল**

জাতীয় ভোক্তা সুরক্ষা সপ্তাহ চলাকালে গভর্নর হোকল 2023 সালে ভোক্তা ও স্বাস্থ্যসেবা প্রদানকারীদের জন্য 182 মিলিয়ন মার্কিন ডলার পুনরুদ্ধারের ঘোষণা করলেন

নিউ ইয়র্ক স্টেট আর্থিক পরিষেবা বিভাগ ভোক্তা ও স্বাস্থ্যসেবা প্রদানকারীদের জন্য 158 মিলিয়ন মার্কিন ডলারের বেশি পুনরুদ্ধার করেছে এবং সেই সাথে আইন প্রয়োগ কর্মকাণ্ড দ্বারা 23 মিলিয়ন মার্কিন ডলার পুনঃস্থাপন করেছে

পাবলিক সার্ভিস বিভাগ এবং ডিপার্টমেন্ট অফ স্টেটের ভোক্তা সুরক্ষা বিভাগের মাধ্যমে 2023 সালে ভোক্তাদেরকে প্রায় 9.7 মিলিয়ন মার্কিন ডলার ফেরত দেওয়ার গভর্নরের ঘোষণার অনুবর্তী

ভোক্তাদের সুরক্ষা প্রদানের জন্য এবং নিউ ইয়র্কবাসীর ক্রয়ক্ষমতা উন্নত করার জন্য গভর্নরের অর্থবছর 2025 বাজেট প্রস্তাবনার অনুবর্তী

নিউ ইয়র্কবাসীরা আর্থিক পরিষেবা বিভাগ থেকে এখানে বিনামূল্যে সহায়তা পেতে পারবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেটের আর্থিক পরিষেবা বিভাগ (New York State Department of Financial Services, DFS) 2023 সালে ভোক্তা ও স্বাস্থ্যসেবা প্রদানকারীদের জন্য পুনরুদ্ধার ও পুনঃস্থাপন হিসেবে 182 মিলিয়ন মার্কিন ডলারের বেশি পুনরুদ্ধার করেছে। গত বছর, DFS বিভাগে অভিযোগ দায়ের করা ভোক্তা ও স্বাস্থ্যসেবা প্রদানকারীদের জন্য 158 মিলিয়ন মার্কিন ডলার পুনরুদ্ধার করে দিয়েছে, এবং সেই সাথে DFS আইন প্রয়োগ ও তত্ত্বাবধানমূলক কর্মকাণ্ড থেকে অন্যান্য জরিমানার পাশাপাশি 23 মিলিয়ন মার্কিন ডলার পুনঃস্থাপন অর্থ সংগ্রহ করেছে। ঘোষণাটি পাবলিক সার্ভিস বিভাগ (Department of Public Service) এবং ডিপার্টমেন্ট অফ স্টেটের (Department of State) ভোক্তা সুরক্ষা বিভাগের (Division of Consumer Protection) প্রয়াসের অনুবর্তী, যারা এর পূর্বে এই মাসে ঘোষণা করেছে যে তারা 2023 সালে ভোক্তাদের প্রায় 9.7 মিলিয়ন মার্কিন ডলার ফেরত দিয়েছে, এবং এটি গভর্নরের ভোক্তা সুরক্ষা ও ক্রয়ক্ষমতা এজেন্ডার (Consumer Protection and Affordability Agenda) সম্পূরক, নিউ ইয়র্কবাসীর অর্থ তাদের কাছেই রাখার জন্য তার অর্থবছর 2025 নির্বাহী বাজেটে এর জন্য প্রস্তাবনা অন্তর্ভুক্ত করা হয়েছে।

"নিউ ইয়র্ক স্টেট ভোক্তাদের সুরক্ষিত রাখতে এর প্রতিশ্রুতি পূরণ করছে, অন্যান্য ব্যবসায়িক অনুশীলনের বিরুদ্ধে অভিযান করছে, এবং নিউ ইয়র্কবাসীকে তাদের অর্থ ফেরত দিচ্ছে," **গভর্নর হোকল বলেন।** "জাতীয় ভোক্তা সুরক্ষা সপ্তাহ চলাকালে, নিউ ইয়র্কবাসীকে তাদের কষ্টার্জিত উপার্জন নিজের কাছে রাখতে সাহায্য করে, অসৎ ব্যবসাসমূহকে দায়বদ্ধ করে এবং ব্যয় হ্রাস করতে আমাদের ক্ষমতার মধ্যে সম্ভাব্য করার মাধ্যমে আমার প্রশাসন আমাদের প্রতিশ্রুতিকে আরো অগ্রসর করছে।"

নিউ ইয়র্ক স্টেট আর্থিক পরিষেবা বিভাগের সুপারিন্টেনডেন্ট এড্রিয়ান এ. হ্যারিস বলেন, "নিউ ইয়র্কবাসীদের তাদের অর্থ ফেরত দেওয়ার জন্য DFS দৃঢ়সংকল্প, এবং বিগত এই বছরে DFS এর পুনরুদ্ধার করা 182,387,247 মার্কিন ডলার নিয়ে আমি অত্যন্ত গর্বিত। জাতীয় ভোক্তা সুরক্ষা সপ্তাহের স্বীকৃতিস্বরূপ, আমরা নিউ ইয়র্কবাসীকে মনে করিয়ে দিতে চাই যে অভিযোগ সম্পর্কে সহায়তা করতে এবং আরো স্থিতিস্থাপক একটি আর্থিক ব্যবস্থা তৈরি করার জন্য DFS আপনাদের সাথে আছে।"

DFS এর ভোক্তা সহায়তা ইউনিট (Consumer Assistance Unit) ভোক্তা অভিযোগ গ্রহণ করে ও তার সুরাহা করতে সাহায্য করে এবং শোষণ ও প্রতারণার ধারা নিয়ে তদন্ত করতে ও তা সঠিক করতে সাহায্য করতে শিল্পখাত ও বিভাগের আইন প্রয়োগকারী দলের সাথে কাজ করে। এর আগে এই বছর, DFS ঘোষণা করে যে হলোকাস্টের শিকার এবং তাদের উত্তরাধিকারদের চুরি করা সম্পদ পুনরুদ্ধারে সহায়তা করার জন্য বিভাগের হলোকাস্ট ক্লেইম প্রসেসিং অফিস (Holocaust Claims Processing Office) 1997 সালে এর প্রতিষ্ঠার পর থেকে ভিকটিম ও তাদের উত্তরাধিকারদের ব্যাংক, বীমা, এবং অন্যান্য ভৌত ক্ষয়ক্ষতির ক্ষতিপূরণ হিসেবে 183 মিলিয়ন মার্কিন ডলারের বেশি উদ্ধার ও ফেরত দিতে সাহায্য করেছে। পাশাপাশি, এই উদ্যোগের মাধ্যমে আর্থিক পরিষেবা বিভাগ 250 এর বেশি সাংস্কৃতিক বস্তু সম্পর্কিত সেটেলমেন্টের ব্যবস্থা করে দিয়েছে।

এর আগে এই মাসে, গভর্নর ঘোষণা করেন যে নিউ ইয়র্ক স্টেট 2023 সালে ভোক্তাদের প্রায় 9.7 মিলিয়ন মার্কিন ডলার ফেরত দিয়েছে, যার মধ্যে পাবলিক সার্ভিস বিভাগের তদন্ত করা প্রায় 25,000 তদন্তের ফলে আনুমানিক 7 মিলিয়ন মার্কিন ডলার পাওয়া গেছে এবং ডিপার্টমেন্ট অফ স্টেটের ভোক্তা সুরক্ষা বিভাগের কারণে 2.7 মিলিয়ন মার্কিন ডলার পাওয়া গেছে।

নিউ ইয়র্কবাসীরা দুর্যোগ পুনরুদ্ধার; প্রতারণা ও সাইবার সুরক্ষা; এবং শিক্ষার্থী ঋণের মতো একাধিক সংখ্যক বিষয়ে সংস্থান খুঁজে নিতে পারবে। ব্যাংক, বীমা কোম্পানি, এবং অন্যান্য আর্থিক সেবা প্রদানকারীর সাথে দ্বন্দ্ব সম্পর্কে সহায়তার জন্য, www.dfs.ny.gov/complaint ভিজিট করুন বা (800) 342-3736 নম্বরে ফোন করুন।

গভর্নরের ভোক্তা সুরক্ষা ও ক্রয়ক্ষমতা এজেন্ডা
প্রতারণামূলক ব্যবসা অনুশীলনের বিরুদ্ধে অভিযান করতে এবং নিউ ইয়র্কবাসীর অর্থ তাদের কাছে রাখতে সাহায্য করার জন্য গভর্নর হোকল তার অর্থবছর 2025 নির্বাহী বাজেটের অংশ হিসেবে একটি সুদূরপ্রসারী ভোক্তা সুরক্ষা ও ক্রয়ক্ষমতা এজেন্ডার উন্মোচন করেছেন। গভর্নরের বাজেটে রয়েছে অন্যায্য ব্যবসা অনুশীলনের বিরুদ্ধে ভোক্তা সুরক্ষা বলীয়ান করার জন্য নিউ ইয়র্কের ভোক্তা আইনের সংশোধন করা; এখন ক্রয় করে পরে মূল্য পরিশোধ করার শিল্পখাতের

জন্য দেশসেরা প্রবিধান প্রতিষ্ঠা করা; তিন দশকের বেশি সময়ের মধ্যে প্রথম মুখ্য পেইড মেডিকেল ছুটি বৃদ্ধি অগ্রসর করা; নির্দিষ্ট কিছু বীমা পরিকল্পনায় ইনসুলিনের জন্য কোপে নির্মূল করার জন্য দেশের সর্বাধিক ব্যাপক ব্যাপ্তির প্রস্তাবনা বাস্তবায়ন করা; এবং মেডিকেল ঋণের মোকাবেলা করার প্রস্তাবনা।

এছাড়াও গভর্নর গত বছর নিউ ইয়র্কবাসীকে ব্যাপক মূল্যবৃদ্ধি এবং মেডিকেল ঋণ থেকে সুরক্ষা প্রদান করতে বিধিমালায় স্বাক্ষর করেন, এবং 2022 সালে গভর্নর লাইভ ইভেন্টের জন্য টিকেট ক্রয় করার সময় ভোক্তাদের থেকে গোপন ফি গ্রহণ নিষিদ্ধ করে, স্ক্যাল্পার বট এবং টিকেট ক্রয়ের সফটওয়্যার ব্যবহারের শাস্তি বৃদ্ধি করে, বিনামূল্যের টিকেট বিক্রি বেআইনি করে, এবং ইলেক্ট্রনিকভাবে প্রদত্ত বা বাসায় প্রিন্ট করার টিকেটের জন্য ডেলিভার ফি নিষিদ্ধ করে বিধিমালায় স্বাক্ষর করেন।

স্টেটের সিনেটর কেভিন টমাস বলেন, "জাতীয় ভোক্তা সুরক্ষা সপ্তাহ চলাকালে, নিউ ইয়র্কের ভোক্তাদের সুরক্ষিত ও সমর্থিত রাখা নিশ্চিত করতে আমরা যেই কাজ করছি তার জন্য আমি গর্বিত। রেকর্ড পরিমাণ 182 মিলিয়ন মার্কিন ডলার পুনরায় মানুষের কাছে ফেরত প্রদানের জন্য আমি গভর্নর হোকলের নেতৃত্ব এবং আর্থিক পরিষেবা বিভাগের প্রতি কৃতজ্ঞ। অতিরিক্ত পুনঃস্থাপন এবং পুনরুদ্ধারকৃত তহবিল নিউ ইয়র্কবাসীদের প্রয়োজনীয় সাহায্য প্রদান করবে।"

অ্যাসেম্বলি সদস্য নিলি রোজিক বলেন, "জাতীয় ভোক্তা সুরক্ষা সপ্তাহ হলো ভোক্তাদের জন্য অবগত হওয়া ও তাদের ক্ষমতায়নের সময়। সচেতনতা বৃদ্ধি এবং ভোক্তার চাহিদার উপর আলোকপাত করার মাধ্যমে আমরা ব্যক্তিদের অবগত সিদ্ধান্ত গ্রহণ করতে এবং নিজেদের অধিকারের জন্য উঠে দাঁড়ানোর ক্ষমতা প্রদান করছি। গভর্নর হোকল এবং তার প্রশাসনের সাথে মিলে আমি নিউ ইয়র্কবাসীকে সুরক্ষিত রাখতে, গুরুত্বপূর্ণ সংস্থান ও সমর্থন প্রদান করতে এবং এই সপ্তাহে এবং প্রতি সপ্তাহে সবথেকে বলীয়ান ভোক্তা সুরক্ষা প্রদান করতে আমি নিবেদিত।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন